




सत्यमेव जयते

ক্রীড়া ক্ষেত্রে এগিয়ে চলার লক্ষে ত্রিপুরা



যুব-বিষয়ক ও ক্রীড়া দপ্তর ত্রিপুরা সরকার



Indoor Stadium

Shahed Bhagat Singh Yabu

da Maidan

Techno Sports School

Raimi S

সমাজের সব মানুষের সামগ্রিক উন্নতি সাধনের মাধ্যমেই সমৃদ্ধশালী দেশ গঠন সম্ভব। আর এই সামগ্রিক উন্নয়ন সম্ভব হয় সবল ও স্বাস্থ্যোজ্জ্বল জাতি গঠনের মাধ্যমেই। এই লক্ষ্যকে সামনে রেখেই ত্রিপুরা সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর যাবতীয় পরিকল্পিত পরিকল্পনা গ্রহণ ও রূপায়ণের প্রয়াস জারি রেখেছে।

১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে রাজ্য সরকারের এক বলিষ্ঠ সিদ্ধান্তের ফল হিসেবে স্বতন্ত্রভাবে আত্মপ্রকাশ করে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর। ক্রীড়া ও যুব কর্মসূচীর উন্নয়নের জন্য প্রকৃত চিন্তাভাবনা শুরু হয় তখন থেকেই।

ক্রীড়ানীতি ও তার মূল উদ্দেশ্য

কোনও ক্ষেত্রের উন্নয়নের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ হচ্ছে একটি নীতিগত অবস্থান থেকে লক্ষ্য স্থির করে দীর্ঘ, মধ্য ও স্বল্প মেয়াদী সুনির্দিষ্ট কর্মসূচী প্রণয়ন। স্বাধীনতার ৬৮ বছর পরও প্রকৃত অর্থে জাতীয় ক্রীড়া ও যুব নীতি এখনো সঠিকভাবে প্রণয়ন হয়নি। আমাদের রাজ্যে ১৯৯৭ সালে একটি সুসংহত ক্রীড়া নীতি প্রণয়ন করা হয়।

গৃহীত ক্রীড়ানীতির মূল উদ্দেশ্য হল - “সকলের জন্য খেলা”

- ◆ যুবক-যুবতীদের স্বাস্থ্য ও মনের দিক থেকে সুস্থ ও সবল করে গড়ে তোলা।
- ◆ আধুনিক ও বিজ্ঞানসম্মত ক্রীড়া পরিকাঠামো নির্মাণ।
- ◆ ক্রীড়া ও শারীরশিক্ষাকে সামগ্রিক শিক্ষার অঙ্গ হিসেবে জনপ্রিয় করে তোলা।
- ◆ যুব সমাজের ব্যক্তিত্বের বিকাশ ও তাদেরকে দেশাত্মবোধে উদ্বুদ্ধ করা।
- ◆ ক্রীড়ার মান উন্নয়ন ও ভালো খেলোয়াড় তৈরি করা।
- ◆ সফল ক্রীড়াবিদ দের অসামান্য সফল্যের জন্য প্রতিটি ক্ষেত্রে সফল্যের নিরিখে Incentive এর ব্যবস্থা এর ব্যবস্থা করা।

বর্তমান ক্রীড়া পরিকাঠামো এবং আগামীদিনের পরিকল্পনা

বর্তমানে ত্রিপুরা রাজ্যে মোট ছোট ও বড় মিলিয়ে ৭৮৫টি খেলার মাঠ, দশরথদেব স্টেডিয়াম, এম বি বি স্টেডিয়াম এবং ৪৬টি মিনি স্টেডিয়াম রয়েছে। এছাড়াও রয়েছে ৮টি স্পোর্টস হল, ৩টি জিমন্যাসিয়াম, ৭টি সাঁতারের প্ল্যাটফর্ম এবং ২টি বিজ্ঞান ভিত্তিক পুল, যুব আবাস, ইন্ডোর স্টেডিয়াম, স্টেট এ্যাডভেঞ্চর ইনস্টিটিউট, আঞ্চলিক শারীরশিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র এবং স্পোর্টস স্কুল ২টি(বাধারঘাট ও পানিসাগর)।



Shaheed Bhagat Singh Yuba Awas



Swami Vivekananda Maidan



সাম্প্রতিক অতীতে রাজ্যে যে সকল পরিকাঠামো গড়ে উঠেছে

- ◆ ৩৫০ আসন বিশিষ্ট শহীদ ভগৎ সিং যুব আবাস।
- ◆ উমাকান্ত মিনি স্টেডিয়ামের গ্র্যান্ড স্ট্যান্ড।
- ◆ ২টি প্ল্যাটফর্ম বিশিষ্ট উমাকান্ত সুইমিং পুল।
- ◆ স্বামী বিবেকানন্দ ময়দান, গ্র্যান্ড স্ট্যান্ড মুক্ত মঞ্চ ও গ্যালারী।



বিভিন্ন জেলায় যেসকল পরিকাঠামো গড়ে উঠেছে

- ◆ বিবিআই, ফটিকরায়, বিকেআই, কাতলামারা, জইংবাড়ি, বঙ্গনগর ও বাইজালবাড়িতে মিনি স্টেডিয়াম।
- ◆ কৈলাসহরের আর কে মহাবিদ্যালয় মাঠে ৫০০ আসন বিশিষ্ট গ্র্যান্ড স্ট্যান্ড।
- ◆ বিলোনীয়ায় সমর চৌধুরী স্মৃতি ইন্ডোর হল।
- ◆ কাঞ্চনপুর ও সোনামুড়ায় স্পোর্টস হল।
- ◆ বিলোনীয়া, ধর্মনগর, আমবাসা, কৈলাসহর, উদয়পুর ও খোয়াইতে জিলা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পাকাবাড়ি।
- ◆ অমরপুর, কাঞ্চনপুর, লংতরাইভ্যালী, সারুঙ্গ, বিশালগড়, সোনামুড়া, গন্ডাছড়ায় গড়ে উঠেছে মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পাকা বাড়ী।

বিশেষ পরিকাঠামো হিসেবে যে সকল প্রকল্পগুলি রাজ্যে বাস্তবায়ন করা হয়েছে

দশরথদেব স্টেট স্পোর্টস কমপ্লেক্স (DDSSC), বাধারঘাট

বর্তমানে যেসকল পরিকাঠামো গড়ে উঠেছে তা হল, দশরথদেব স্টেডিয়াম, রাইমা সুইমিং পুল, আর্টিফিসিয়াল ক্লাইম্বিং ওয়াল, ইনডোর হল, জিমন্যাসিয়াম, স্পোর্টস স্কুল, ৫০০ আসন বিশিষ্ট ছাত্র ও ছাত্রী আবাস, কর্মচারীদের জন্য কোয়ার্টার কমপ্লেক্স ইত্যাদি।



আগামীদিনের পরিকল্পনা


- ◆ আধুনিক, বিজ্ঞানসম্মত সুবিধাযুক্ত ফুটবল স্টেডিয়াম।
- ◆ ৩টি লনটেনিস কোর্ট ও গ্র্যান্ড স্ট্যান্ড।
- ◆ ত্রিপুরা স্পোর্টস স্কুলের নতুন মাঠ (বাধারঘাট)।

আঞ্চলিক শারীরশিক্ষণ মহাবিদ্যালয় (RCPE), পানিসাগর

বর্তমানে আঞ্চলিক শারীর শিক্ষণ মহাবিদ্যালয়ের একাডেমিক ভবন, ত্রিপুরা স্পোর্টস স্কুল, ২০০ আসন বিশিষ্ট ছাত্রী এবং মহিলা আবাস ও ইনডোর হল গড়ে উঠেছে।



Indoor Hall (RCPE)



Girls Hostel (RCPE)



Grand Stand (RCPE)

আগামীদিনের পরিকল্পনা

আগামীদিনের পরিকল্পনা হিসেবে আঞ্চলিক শারীরশিক্ষণ মহাবিদ্যালয়ে আধুনিক স্পোর্টস কমপ্লেক্স গড়ে তোলা হবে। পাশাপাশি আধুনিক খেলার মাঠ এবং ৪০০ মিটার ৯ লেন যুক্ত অ্যাথলেটিক্স ট্র্যাক, Boys & Men Hostel, পাকা সুইমিং পুল গড়ে তোলা হবে।

নেতাজী সুভাষ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (NSRCC) আগরতলা :

- ◆ ২৫০০ আসন বিশিষ্ট বাতানুকূল ইন্ডোর ও জিমন্যাসিয়াম হল।
- ◆ ৪তলা বিশিষ্ট বিভিন্ন খেলাধুলার জন্য প্রশিক্ষণ কেন্দ্র যেখানে ওয়েট লিফটিং, বোয়া, জুডো এবং বক্সিং খেলার প্রশিক্ষণ চলবে।
- ◆ ৫০০ আসন ও গ্যালারী বিশিষ্ট সুইমিং পুল।
- ◆ ব্যাডমিন্টন হল।
- ◆ ৩০০ আসন বিশিষ্ট বালিকাদের হোস্টেল।



Model Picture of Indoor Hall, NSRCC

